



# MANBHUM MAHAVIDYALAYA

(ACCREDITED BY NATIONAL ASSESSMENT AND ACCREDITATION COUNCIL)  
(AFFILIATED TO THE SIDHO-KANHO-BIRSHA UNIVERSITY)

VirGanganarayan Road  
P.O:- MANBAZAR \* DIST:- PURULIA \* Pin-723131(West Bengal)  
Phone & Fax No: (03253) 255632  
Email:mb\_college@rediffmail.com

Ref.No.

Date: 26/04/2024

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মানভূম মহাবিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে জানানো হচ্ছে যে তাদের স্টুডেন্ট আইডি কার্ড নিম্নলিখিত সূচী অনুযায়ী বিতরণ করা হবে।

**ষষ্ঠ সেমিস্টার** – ২৯ এপ্রিল ২০২৪ সোমবার ষষ্ঠ সেমিস্টারের অনার্স কোর্সের ছাত্রছাত্রীরা ইন্টারনাল অ্যাসেসমেন্ট দিতে এলে, তাদেরকে পরীক্ষা চলাকালীন বিভাগীয় অধ্যাপকরা আইডি কার্ড বন্টন করবেন। ওই একই তারিখে ষষ্ঠ সেমিস্টারের প্রোগ্রাম কোর্সের ছাত্রছাত্রীরা যখন ইন্টারনাল অ্যাসেসমেন্টের উত্তরপত্র নিজ নিজ বিভাগীয় অধ্যাপকদের কাছে জমা করবে, তখন তাদের স্টুডেন্ট আইডি কার্ড দেওয়া হবে। প্রোগ্রাম কোর্সের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে তাদের সাবজেক্ট ওয়ানের বিভাগের থেকে আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

**চতুর্থ সেমিস্টার** – ৩০ এপ্রিল ২০২৪ মঙ্গলবার চতুর্থ সেমিস্টারের অনার্স কোর্সের ছাত্রছাত্রীরা ইন্টারনাল অ্যাসেসমেন্ট দিতে এলে, তাদেরকে পরীক্ষা চলাকালীন বিভাগীয় অধ্যাপকরা আইডি কার্ড বন্টন করবেন। ওই একই তারিখে চতুর্থ সেমিস্টারের প্রোগ্রাম কোর্সের ছাত্রছাত্রীরা যখন ইন্টারনাল অ্যাসেসমেন্টের উত্তরপত্র নিজ নিজ বিভাগীয় অধ্যাপকদের কাছে জমা করবে, তখন তাদের স্টুডেন্ট আইডি কার্ড দেওয়া হবে। প্রোগ্রাম কোর্সের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে তাদের সাবজেক্ট ওয়ানের বিভাগের থেকে আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

**দ্বিতীয় সেমিস্টার** – ২৯ এপ্রিল সোমবার এবং ৩০ এপ্রিল মঙ্গলবার কলেজের ক্যাম্পাসে এসে নিজ নিজ মেজর বিভাগের অধ্যাপকদের থেকে আইডি কার্ড সংগ্রহ করতে হবে। দ্বিতীয় সেমিস্টারের আইডি কার্ড বিতরণের সময় – বেলা ১১:৩০ থেকে দুপুর ৩টের মধ্যে।

পরের পাতায় এগারোটি বিশেষ দ্রষ্টব্য লেখা রয়েছে, এগুলি সমস্ত ছাত্রছাত্রীকে ভালো ক'রে প'ড়ে বুঝে নিতে হবে।

*Tarun K. Ghosh*

ড. তরুণ কুমার ঘোষ

অধ্যক্ষ

মানভূম মহাবিদ্যালয়



**Principal**  
Manbhumi Mahavidyalaya  
Manbazar, Purulia

## বিশেষ দ্রষ্টব্য

1. যেমন আগেই জানানো হয়েছিলো, শুধুমাত্র সেই ছাত্রছাত্রীদেরই আইডি কার্ড দেওয়া হচ্ছে, যারা ২০২৩-২৪ শিক্ষাবর্ষে প্রথম, তৃতীয়, এবং পঞ্চম সেমিস্টার পরীক্ষার ফর্ম ফিল-আপ করেছিলো এবং তারা ব্যাক-ক্যান্ডিডেট ছিলো না।
2. অতি সামান্য সংখ্যক কয়েকজন ছাত্রছাত্রীর আইডি কার্ড ইস্যু করা যায়নি, কারণ তাদের পাসপোর্ট ছবি বা সইয়ের ছবি ছাপানোর পক্ষে অত্যন্ত নিম্নমানের। এই ছাত্রছাত্রীদের নাম, রোল নাম্বার, রেজিস্ট্রেশন নাম্বার এবং মোবাইল নাম্বার বিভাগীয় অধ্যাপকরা নোট করে রাখবেন। তাদের সঙ্গে পরে যোগাযোগ করা হবে।
3. আইডি কার্ড হাতে পাওয়ার পর থেকে সব ছাত্রছাত্রীকে কলেজ প্রাঙ্গণে সবসময়ে আইডি কার্ড গলায় ঝুলিয়ে রাখতে হবে। কলেজে প্রবেশ এবং প্রস্থানের সময়েও তাকে আইডি কার্ড গলায় ঝুলিয়ে রাখতে হবে। চাহিবামাত্র কলেজ কর্তৃপক্ষকে এই আইডি কার্ড দেখাতে বা কলেজ কর্তৃপক্ষকে জমা দিতে বা ফেরত দিতে সবাই বাধ্য থাকবে।
4. কলেজ প্রাঙ্গণ যখন ইলেকশন কমিশনের নিয়ন্ত্রণে থাকবে, তখন পরীক্ষার ফর্ম ফিল-আপ করতে এলে এই আইডি কার্ড গলায় ঝুলিয়ে আসতে হবে, নয়তো ইলেকশন কমিশন প্রাঙ্গণে প্রবেশ করতে দেবে না।
5. আইডি কার্ডে কোনো ভুল তথ্য থাকলে তা সংশোধনের জন্য কলেজের অফিসে আবেদনপত্র জমা দিতে হবে।
6. কোনো স্টুডেন্ট আইডি কার্ড হারিয়ে ফেললে সঙ্গে সঙ্গে লোকাল থানায় জেনারেল ডায়রি করতে হবে, তারপর সেই জেনারেল ডায়রির কপি-সহ পুনরায় আইডি কার্ড ইস্যু করার জন্য কলেজের অফিসে আবেদনপত্র জমা করতে হবে। সেই সঙ্গে ডুপ্লিকেট আইডি কার্ডের জন্য কলেজের অফিসে ২৫ টাকা জমা করতে হবে।
7. যারা গুগল ফর্মে ডেটা দিয়েছিলে, আইডি কার্ডে তাদের ডেটায় ভুল থাকলে তাদের ফ্রিতে নতুন আইডি কার্ড দেওয়া হবে, এজন্য আবেদন করতে হবে; কিন্তু, যারা গুগল ফর্মের মাধ্যমে ডেটা দাওনি, তাদের আইডি কার্ডে ভুল থাকলে তাদের ২৫ টাকা অতিরিক্ত দিয়ে নতুন কার্ড পাওয়ার জন্য আবেদন করতে হবে।
8. বাবার নামের বানানে বা লেখার পদ্ধতিতে ভুল থাকলে, বা ঠিকানায় ভুল থাকলে বা ব্লাড গ্রুপে ভুল থাকলে নতুন আইডি কার্ড দেওয়া হবে না। অন্যান্য ক্ষেত্রে ভুল থাকলে উপরের ৭ নং শর্ত সাপেক্ষে নতুন আইডি কার্ড দেওয়া হবে।
9. আইডি কার্ডের পিছনের দিকে যে নির্দেশাবলী রয়েছে, তা ভালো করে পড়ে বুঝে নিতে হবে।
10. কোনো স্টুডেন্ট যদি অ্যাডমিশনের পর ন্যূনতম সময়ের মধ্যে কোর্স/প্রোগ্রাম কমপ্লিট না করে, তাহলে সে কলেজের রেগুলার স্টুডেন্ট হিসেবে গণ্য হবে না, কিন্তু তার যদি তখনও ইউনিভার্সিটির পরীক্ষা দেওয়ার সুযোগ থাকে, তাহলে সে এই আইডি কার্ড নিজের কাছে রাখতে পারবে। কিন্তু, তখন সে এই আইডি কার্ড দেখিয়ে একজন রেগুলার স্টুডেন্টের অধিকারগুলি দাবি করতে পারবে না।
11. এই আইডি কার্ড কোনো রেগুলার স্টুডেন্টকেও কোনো বিশেষ/নতুন অধিকার প্রদান করছে না।